দৈনিক জনকণ্ঠ

তারিখ · 06 · JUN 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

জাবি সিন্ডিকেট নির্বাচন

# আওয়ামীপন্থী শিক্ষকদের নিরঙ্কুশ জয়

জাবি সংবাদদাতা ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) সিন্ডিকেট সদস্য, অর্থ কমিটি ও শিক্ষা পর্ষদ নির্বাচনে বিভিন্ন ক্যাটাগরিতে আওয়ামীপন্থী শিক্ষকরা নিরঙ্কুশ জয়লাভ করেছেন। নির্বাচনে ৬ ক্যাটাগরিতে ছয় জন সিন্ডিকেট সদস্য, অর্থ কমিটিতে একজন ও শিক্ষা পর্ষদে তিন ক্যাটাগরিতে মোট ছয় শিক্ষক প্রতিনিধির সব কয়টি পদেই 'বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজ' প্যানেল জয়লাভ করে। অপরদিকে বিএনপি, বামপন্থী ও আওয়ামীপন্থী শিক্ষকদের একাংশ মিলে গঠিত 'সম্মিলিত শিক্ষক সমাজ' প্যানেল থেকে কোন প্রার্থী জয়লাভ করেননি। এছাড়া দুই স্বতন্ত্র প্রার্থীও জয়লাভ করতে পারেননি। রবিবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ক্লাবে সকাল সাড়ে ৮টা থেকে বেলা ২টা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। ভোটগণনা শেষে সন্ধ্যা সাড়ে ৬টায় নির্বাচনী ফল ঘোষণা করেন নির্বাচনের রিটার্নিং অফিসার রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক।

'বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজ' প্যানেল থেকে সিন্ডিকেট সদস্য হিসেবে জয়লাভ করেছেন ডিন ক্যাটাগরিতে সমাজ বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মোঃ আমির হোসেন, প্রভোস্ট ক্যাটাগরিতে ফজিলাতুন্নেছা হলের প্রভোস্ট অধ্যাপক মোঃ শাহেদুর রশিদ, অধ্যাপক ক্যাটাগরিতে গণিত বিভাগের অধ্যাপক মোঃ লায়েক সাজ্জাদ এন্দেল্লাহ, সহযোগী অধ্যাপক ক্যাটাগরিতে বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক নাজমুল হাসান তালুকদার, সহকারী অধ্যাপক ক্যাটাগরিতে উদ্ভিদবিজ্ঞান বিভাগের মোসাঃ ফাহিমা আহমেদ এ্যানি, প্রভাষক ক্যাটাগরিতে মাইক্রোবায়োলজি বিভাগের প্রভাষক সৈয়দা মরিয়ম লিজা। অর্থ কমিটিতে শিক্ষক প্রতিনিধি হিসেবে জয়লাভ করছেন পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ফরিদ আহমদ। শিক্ষা পর্ষদে শিক্ষক প্রতিনিধি হিসেবে জয়লাভ করেছেন সহযোগী অধ্যাপক ক্যাটাগরিতে বায়োটেকনোলজি এ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ মোহাম্মদ সোহায়েল ও গণিত বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ ওসমান গণি, সহকারী অধ্যাপক ক্যাটাগরিতে অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ লুৎফর রহমান ও ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির সহকারী অধ্যাপক মোঃ ওয়াহিদুজ্জামান, প্রভাষক ক্যাটাগরিতে সরকার ও রাজনীতি বিভাগের প্রভাষক মোহাম্মদ তারিকুল ইসলাম ও ফিন্যান্স এ্যান্ড ব্যাংকিং বিভাগের প্রভাষক মোঃ ইউসুফ হারুন।